রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৭, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা-১২

প্রজ্ঞাপন

তারিখ, ৯ কার্তিক ১৪১২/২৪ অক্টোবর ২০০৫

এস. আর. ও নং ২৯৫-আইন/২০০৫।—ভূমি সংস্কার বোর্ড আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২৩ নং আইন) এর ধারা ৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা ভূমি সংস্কার বোর্ড বিধিমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ ভূমি সংস্কার বোর্ড আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২৩ নং আইন);

(খ) "চেয়ারম্যান" অর্থ ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান;

(গ) "বোর্ড" বলিতে ভূমি সংস্কার বোর্ডকে বুঝাইবে;

(ঘ) "মন্ত্রণালয়" অর্থ ভূমি মন্ত্রণালয়;

(ঙ) "সদস্য" অর্থ ভূমি সংস্কার বোর্ডের সদস্য।

৩। বিধিমালার প্রাধান্য।—ভূমি সংস্কার ও ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত ইতিপূর্বে জারীকৃত বিধি, আদেশ, অনুশাসন, সার্কুলার, পরিপত্র যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার পরিপন্থী হইলে, এই বিধিমালার বিধানাবলী প্রাধান্য পাইবে।



মূল্য ঃ টাকা ২.০০

৪। **চেয়ারম্যানের দায়িত্ব ও ক্ষমতা।**—(১) চেয়ারম্যান বোর্ডের প্রধান নির্বাহী হইবেন।

(২) চেয়ারম্যানের দায়িত্ব ও ক্ষমতা হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) বোর্ড বা মন্ত্রণালয় কর্তৃক অর্পিত সকল দায়িত্ব ও কার্য সম্পাদন এবং ক্ষমতা প্রয়োগ;

(খ) বোর্ডের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বোর্ডের সদস্য এবং কর্মকর্তাদের মধ্যে কার্যাবলী বন্টন।

৫। **বোর্ডের দায়িত্ব ও কার্যপরিধি।**—বোর্ডের দায়িত্ব ও কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) খাস জমি চিহ্নিতকরণ সংক্রান্ত জেলা ও উপজেলা পর্যায়ের কমিটির কর্মকান্ড পরিদর্শন, পরিবীক্ষণ ও তদারকী করা;

(খ) আন্তঃ বিভাগীয় জলমহালের ইজারা প্রদান করা ;

(গ) বিভাগীয় পর্যায়ে ভূমি সংস্কার বোর্ডের নিয়ন্ত্রণাধীন উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ের তত্ত্বাবধান করা;

(ঘ) জেলা হইতে তহসিল পর্যায়ের সকল ভূমি অফিস পরিদর্শন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ করা;

(ঙ) মন্ত্রণালয়ের নির্দেশক্রমে ভূমি ব্যবস্থাপনার মাঠ প্রশাসন সংক্রান্ত বিভিন্ন অভিযোগের তদন্ত করা;

(চ) জেলা হইতে তহসিল পর্যায়ের সকল ভূমি অফিসের অডিট আপত্তি সংক্রান্ত তদারকী করা;

(ছ) ভূমি রাজস্ব প্রশাসনের মাঠ পর্যায়ের দপ্তরসমূহের বাজেট প্রণয়ন ও ছাড়করণ;

(জ) ভূমি উন্নয়ন করের সঠিক দাবী নির্ধারণ, ভূমি উন্নয়ন কর আদায় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মন্ত্রণালয়ভিত্তিক বিভিন্ন সংস্থার বকেয়া দাবী নির্ধারণসহ আদায়ের পদক্ষেপ গ্রহণ;

(ঝ) ভূমি উন্নয়ন কর আদায় সংক্রান্ত মাসিক প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে প্রেরণ;

(ঞ) কোর্ট অব ওয়ার্ডস এর আওতাধীন এস্টেটসমূহের ব্যবস্থাপনা ও তদারকী এবং মন্ত্রণালয়ে এতদসংক্রান্ত প্রতিবেদন প্রেরণ;

(ট) উপরি-উক্ত কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে সকল আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণ করা।

৬। **বোর্ডের সভা।**—(১) বোর্ডের সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে প্রতি মাসে বোর্ডের অন্ততঃ একটি সভা অনুষ্ঠিত হইবে।

(২) চেয়ারম্যান বোর্ডের প্রতিটি সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং উপস্থিত সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে চেয়ারম্যানের দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

৭। **কার্য পরিচালনা।**—প্রচলিত সরকারী আদেশ ও নির্দেশ এবং সচিবালয় নির্দেশমালা, ১৯৭৬, প্রয়োজনীয় সংশোধনসহ (MUTATIS MUTANDIS) অনুসরণপূর্বক বোর্ড উহার কার্য সম্পাদন করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মুহম্মদ আব্দুল আলীম খান**
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।